

669/Beng.

UG/6th Sem/BENG-G-GE-T-2/22

২০২২

বাংলা

(প্রোগ্রাম)

(জেনেরিক ইলেক্টিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-2

(বাংলা নাটক পাঠ)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বি: দ্র:- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা  
বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) 'কারাগার' নাটকটি প্রথম কবে কোথায় মঞ্চস্থ হয়?  
খ) বিদূরথ ও নরক কে ছিলেন?  
গ) 'পাগলা ঘোড়া' নাটকের দৃশ্যপট কী?  
ঘ) "গল্প? কার গল্প নেই? কার রহস্য নেই?" — কে, কার  
উদ্দেশে এই মন্তব্য করেছে?

- ঙ) 'চাঁদবণিকের পালা' নাটকটি প্রথম কোন্ পত্রিকায়  
প্রকাশিত হয়? সেখানে নাট্যকার কী ছদ্মনাম ব্যবহার  
করেছিলেন?  
চ) দেবী মনসাকে চাঁদবণিক কী নামে সম্বোধন করতেন?  
চাঁদবণিক নিজে কোন্ দেবতার ভক্ত ছিলেন?  
ছ) 'পাগলা ঘোড়া' নাটকটি কবে কোথায় মঞ্চস্থ হয়?  
জ) 'চাঁদবণিকের পালা' নাটকটির উপাদান কোন্ মঙ্গলকাব্য  
থেকে গৃহীত? সেখানে চাঁদবণিক কী নামে পরিচিত?  
ঝ) 'কারাগার' নাটকে ধরিত্রীর গাওয়া গানের কথা ও সুর  
কে রচনা করেন?  
ঞ) 'কারাগার' নাটকটি কী ধরনের নাটক? বাংলা নাট্যসাহিত্য  
থেকে এই ধরনের আরেকটি নাটকের নাম লেখো।  
ট) 'চাঁদবণিকের পালা' নাটকের মোট ক-টি পর্ব আছে এবং  
প্রত্যেক পর্বে কটি অংশ আছে?  
ঠ) 'পাগলা ঘোড়া' নাটকের চরিত্র কার্তিক ও সাতুর বয়স  
কত?  
ড) 'পাগলা ঘোড়া' নাটকের চরিত্র কার্তিকের কথায় মেয়েটির  
দোষ কী ছিল?  
ঢ) কোন্ কর্মকার লখিন্দরের বাসর ঘরে ফুটো রেখেছিলেন  
এবং কেন রেখেছিলেন?  
ণ) 'তোমারে বধিবে যে  
গোকুলে বাড়িছে সে।'  
— কে কখন বলেছিলেন?

(পরের পাতায়)

669/Beng.

(2)

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

ক) “আমার প্রাসাদে সব আছে, সব ছিল ... শুধু নাই এই উত্তপ্ত ললাটের অগ্নিদাহ দূর করতে পারে এমন একখানি প্রিয় হাতের চন্দন পরশ!” — বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলেছেন আলোচনা করো।

খ) “আর কি আমারে নিয়্যা ঘর করা তোমার সম্ভব?” — কে কাকে একথা বলেছে? স্বামীর জীবন বাঁচাতে বক্তাকে যে সব নীচ কাজ করতে হয়েছিল তা উল্লেখ করো।

গ) “কারাগার আজ পূণ্যতীর্থ! কারাগার আজ স্বর্গ!” — তাৎপর্য বিশ্লেষণ করো।

ঘ) “বোঝো আর নাই বোঝো, মানো বা না মানো, আমাদের সর্বনাশে দায়িত্ব তোমার।” — কে কাকে একথা বলেছেন? একথা বলার কারণ কী?

ঙ) ‘পাগলা ঘোড়া’ নাটকের ‘মেয়েটি’ চরিত্র উপস্থাপনার সার্থকতা বুঝিয়ে দাও।

চ) “প্রেম মানেই শ্মশান, শ্মশান মানেই প্রেম” — ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) ‘কারাগার’ নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

খ) নাট্যকার শম্ভু মিত্রের কলমে চাঁদবণিক তথা চাঁদ সওদাগর চরিত্রের কোন্ দিকগুলির স্বাতন্ত্র্য চিহ্নিত বলে তোমার মনে হয়?

গ) ‘পাগলা ঘোড়া’ নাটক অবলম্বনে নাট্যকারের নারীভাবনার বিশিষ্টতার পরিচয় দাও।

ঘ) ‘পাগলা ঘোড়া’ নাটকের হিম্মাদি ও মিলি চরিত্র দুটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

-----